

Times Today BD

আন্তর্জাতিক ডেস্ক | আন্তর্জাতিক | 20 June, 2025

ইসরায়েলে বহুজাতিক আমেরিকান প্রযুক্তি কোম্পানি মাইক্রোসফটের কার্যালয়ের কাছে হামলা চালিয়েছে ইরান। ইসরায়েলের দক্ষিণাঞ্চলীয় বিরসেবা শহরে এ হামলায় কার্যালয়টির কাছে আগুন জ্বলতে দেখা গেছে। ইসরায়েলের দাবি, এ হামলায় ক্ষতিগ্রস্ত হয়েছে বেশ কিছু আবাসিক ভবনও।

শুক্রবার (২০ জুন) ব্রিটিশ সংবাদমাধ্যম বিবিসির লাইভ আপডেটে এসব তথ্য জানানো হয়েছে। এতে বলা হয়েছে, অগ্নিনির্বাপককর্মী ও প্যারামেডিকসরা ঘটনাস্থলে পৌঁছেছেন। আহত পাঁচজনকে হাসপাতালে নেওয়া হয়েছে।

ধারণা করা হচ্ছে, ইসরায়েলের গাভ-ইয়াম টেকনোলজি পার্ক লক্ষ্য করে ইরান হামলা চালিয়েছে। বৃহস্পতিবার (১৯ জুন) সোরোকা হাসপাতাল ক্ষতিগ্রস্ত হয় ইরানের হামলায়।

হাসপাতালে হামলার বিষয়ে ইরানের পক্ষ থেকে বলা হয়েছে, ইসরায়েলের সামরিক ও গোয়েন্দা কার্যালয়ে হামলা হয়েছে। হাসপাতালে হামলার উদ্দেশ্য নয়। তবে মাইক্রোসফটের কার্যালয়ের কাছে হামলা নিয়ে কোনো মন্তব্য এখনো আসেনি।

গত শুক্রবার (১৩ জুন) ভোররাতে ইরানে হামলা শুরু করে ইসরায়েল। ইসরায়েলি পক্ষ বলা হয়েছে, অদূর ভবিষ্যতে ইসরায়েল ও এর বেসামরিক জনগণের বিরুদ্ধে ক্ষেপণাস্রসহ ড্রোন হামলার আশঙ্কা থেকে ইরানের সামরিক ও পারমাণবিক স্থাপনায় আগাম প্রতিরোধমূলক হামলা চালানো হয়েছে।

ওই হামলা এখনো অব্যাহত রয়েছে। জবাবে ইসরায়েলে পাল্টা হামলা চালাচ্ছে ইরানও। সংঘাত শুরুর পর থেকে ইসরায়েলের হামলায় এ পর্যন্ত ইরানে অন্তত ৬৩৯ জন নিহত হয়েছে বলে জানিয়েছে ওয়াশিংটন-ভিত্তিক সংস্থা হিউম্যান রাইটস অ্যাক্টিভিস্টস। ইসরায়েলে নিহতের সংখ্যা ২৪।

মাইক্রোসফট ইসরায়েল ইরান

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 21 June, 2025 00:22

URL: <https://timestodaybd.com/international/3500775807>